

কী আছে মাথার ভেতরে ?



এই বইটি আমরা আমার নাম :



এর নতুন দিন



জানো, আমাদের দেহের সব কাজ কোথা থেকে চলে? হুমম, আমাদের মাথা থেকে। মাথা হচ্ছে আমাদের দেহের সদর দপ্তর। সব কাজের খবর সবার আগে পৌঁছে যায় ওখানে। আবার ওখান থেকেই ঠিক হয়, কখন কী করতে হবে। কখন থিদে পাবে। কখন ঘুম পাবে। কখন ঘুরতে মন চাইবে, হাসতে মন চাইবে।






এভাবেই সারা দেহের খবর হরদম পৌঁছে যায় মাথার ভেতর। কী করে পৌঁছে যায়, তাই তো? সে এক মজার কাহিনি! আমাদের সারা দেহে ছড়িয়ে আছে অনেক স্নায়ুকোষ। একটির সঙ্গে আরেকটি জোড়া লাগানো। একদম তারের মতো! সেই স্নায়ুকোষগুলোই পৌঁছে দেয় সব খবর!





ধরো, তোমাকে পিঁপড়ে কামড়েছে। সেই কামড়ের খবরটি স্নায়ুর ভেতর দিয়ে মাথায় যাবে। মাথা বুঝতে পারবে, পিঁপড়ায় কামড়ালো! তখন সে তোমাকে একটি সতর্কবার্তা পাঠাবে। সেই বার্তাটিও যাবে স্নায়ুর ভেতর দিয়ে। বার্তা পাওয়ার পর কী হবে, জানো? কামড়-লাগা জায়গাটি জ্বলতে শুরু করবে। আর তাতেই তুমি সতর্ক হয়ে যাবে! পুরো ব্যাপারটি ঘটবে চোখের পলকে! সুবহানাল্লাহ!



তো বুঝতেই পারছো, আমাদের পুরো মাথা
কতটা শক্তিশালী! শুধু কি শক্তিশালী, কত কত
কাজ যে সে করতে পারে, তার শেষটি নেই!